

'হেনস্থা'র প্রতিবাদ করে মার খেলেন বৃদ্ধ বাবা

বিজয় মনোমোহন

যেহেতু মৌলি হেনস্থার প্রতিবাদ
করায় বৃদ্ধ বাবাকে ঘেরে নীক
আজ্ঞে হেনস্থার অভিযোগ উঠল।
বৃদ্ধকে বিচারে পরিবারের লোকজনকে
ছুটে এসে তিনের উপরে চড়াই
এম আকিমাংকরা। দু'বিগার রাতে
ঘটনাটি ঘটেছে নিউ আলিপুর
পুলিশ মাঝেরহাট কলোনিতে।
তরুণীর আরও অভিযোগ, ঘটনার
রাতে থানায় যাব জবাবতে গেলে
পুলিশ লগ্নামে অভিযোগ নেয়নি।
পরে সোমবার সকালে ফের থানায়
গিয়ে তিন অভিযোগ দায়ের করেন।
যদিও পুলিশের তরফে অভিযোগ
স্বীকার করা হয়েছে।

তরুণী পুলিশকে জানিয়েছেন,
লিমেমশাইয়ের শরীর খারাপ শুনে
তিনি রবিবার রাতে স্বপ্নবাক্তি
থেকে মাঝেরহাট কলোনিতে
এসেছিলেন। রাতে খাওয়াপাওয়ার
পরে বাজায় ছটিছিলেন তিনি।
অভিযোগ, তিন চার যুবক সেখানে
দিয়ে যাতায়ার সময়ে তাঁকে
কটুফি করে। তরুণী প্রতিবাদ করলে
ওই যুবকেরা তাঁর হাত ধরে টানটানি
শুক করে। গায়েও হাত দেয়।
মেয়ের চিৎকার শুনে বাড়ি থেকে
বেরিয়ে আসেন বৃদ্ধ বাবা। অভিযোগ,
ওই যুবকেরা তখন তাঁর উপরে
চড়াই হয় এবং মারধর করে। মারের
চোটে দাঁত ভেঙে যায় বৃদ্ধের। এরই
মধ্যে ছুটে আসেন তরুণীর দাদা ও
পড়শিরা। তাঁদেরও মারধর করে
পালায় অভিযুক্তেরা। তরুণীর
দাবি, ওই যুবকেরা সকলেই মত্ত
অবস্থায় ছিল।

রাতেই পরিবারের লোকজনকে
নিয়ে নিউ আলিপুর থানায় যান
তরুণী। কিন্তু অভিযোগ, পুলিশ
তখন তাঁর অভিযোগ নেয়নি।
এ দিন সকালে ফের থানায়
গেলে পুলিশ অভিযোগ গ্রহণ
করে। সোমবার রাত পর্যন্ত এই
ঘটনায় কেউ গ্রেফতার হয়নি।
তবে তরুণীর পরিজনদের দাবি,
অভিযুক্তেরা সকলেই স্থানীয় ৮১
নম্বর ওয়ার্ডের বাসিন্দা। পুলিশ
জানিয়েছে, তাদের খোঁজে তল্লাশি
শুরু হয়েছে।